

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ৫. লুক ৯/৫৫-৫৬ বাংলা বাইবেলগুলোয় বিভিন্ন রকম

বর্তমানে প্রচলিত বাংলা বাইবেলগুলো সাধারণভাবে রিভাইজড ভার্শন অনুসরণ করে। তারপরও বাংলা বাইবেলের বিভিন্ন সংস্করণের মধ্যে চোখে পড়ার মত বৈপরীত্য পাওয়া যায়। লূক ৯/৫৫-৫৬ কিং জেমস ভার্শনে নিম্নরূপ: "But he turned, and rebuked them, and said, Ye know not what manner of spirit ye are of. For the Son of man is not come to destroy men's lives, but to save them. And they went to another village."

বাংলা কেরি বাইবেলে এর অনুবাদ: "কিন্তু তিনি মুখ ফিরাইয়া তাঁহাদিগকে ধমক দিলেন, আর কহিলেন, তোমরা কি প্রকার আত্মার লোক, তাহা জান না। কারণ মনুষ্যপুত্র মনুষ্যদের প্রাণনাশ করিতে আইসেন নাই, কিন্তু রক্ষা করিতে আসিয়াছেন। পরে তাঁহারা অন্য গ্রামে চলিয়া গেলেন।"

বাইবেল বিশেষজ্ঞরা নিশ্চিত করেছেন যে, "For the Son of man is not come to destroy men's lives, but to save them" (কারণ মনুষ্যপুত্র মনুষ্যদের প্রাণনাশ করিতে আইসেন নাই, কিন্তু রক্ষা করিতে আসিয়াছেন)- এ কথাগুলো প্রাচীন পাণ্ডুলিপিগুলোতে নেই। পরবর্তীকালে কিছু পাণ্ডুলিপির মধ্যে এ কথাটা সংযোজিত হয়। বিগত প্রায় দেড় হাজার বছর তা পবিত্র পুস্তকের অংশ হিসেবে গণ্য ছিল। সর্বশেষ রিভাইজড স্টান্ডার্ড ভার্শন থেকে এ কথাগুলো পুরোটাই বাদ দেওয়া হয়েছে।

আমরা দেখলাম যে, বাংলাদেশ বাইবেল সোসাইটি প্রকাশিত বাংলা কেরি বাইবেলে সংযোজিত এ বাক্যগুলো বিদ্যমান। সাধারণভাবে কেরি বাইবেলে রিভাইজড ভার্শনের অনুসরণ করা হলেও এখানে কিং জেমস ভার্শনের হুবহু অনুবাদ করা হয়েছে।

বাংলাদেশ বাইবেল সোসাইটি কর্তৃক ২০০০ সালে প্রকাশিত 'পবিত্র বাইবেল' থেকে এ বাক্যগুলো বাদ দেওয়া হয়েছে। এ সংস্করণে লূক ৯/৫৫-৫৬ নিম্নরূপ: "(৫৫) যীশু তাঁদের দিকে ফিরে তাঁদের ধমক দিলেন। (৫৬) তারপর তাঁরা অন্য গ্রামে গেলেন।" ২০০৬ সালে বাইবেল সোসাইটি প্রকাশিত কিতাবুল মোকাদ্দসের অনুবাদও একইরূপ। ২০০৬ সালে প্রকাশিত জুবিলী বাইবেলেও কথাগুলো বাদ দেওয়া হয়েছে।

২০১৩ সালে প্রকাশিত 'কিতাবুল মোকাদ্দস' সাধারণভাবে কেরির অনুবাদ অনুসরণ করেছে, শুধু সাধু ভাষাকে চলিত ও সহজবোধ্য করেছে। তবে এ স্থানে কেরির অনুসরণ করেনি; বরং সংযোজিত বাক্যগুলি বাদ দিয়ে লেখেছে: "কিন্তু তিনি মুখ ফিরিয়ে তাঁদেরকে ধমক দিলেন। পরে তাঁরা অন্য গ্রামে চলে গেলেন।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14233

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন